


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারী পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৪০.৭৫-২২৬

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১
১০ ডিসেম্বর ২০২৪

বিষয়: জনাব মোঃ আবু রায়হান ভূঞা-কে নরসিংদী জেলার মনোহরদী পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার এবং জনাব মোহাম্মদ নুরুল ইসলাম-কে ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্যকরণ ও ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত নতুন অধিক্ষেত্র সৃজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, (ক) নরসিংদী জেলার মনোহরদী পৌরসভাটি “খ” শ্রেণির পৌরসভা হওয়ায়, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১৩(গ) মোতাবেক ০৩ টি ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রে একজন নিকাহ রেজিস্ট্রার নিয়োগের বিধান থাকায়, মনোহরদী পৌরসভার ১, ২ ও ৩নং ওয়ার্ডের সমন্বয়ে একটি, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের সমন্বয়ে একটি এবং ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সমন্বয়ে একটি মোট ৩টি অধিক্ষেত্র সৃজন করা হলো। (খ) নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আবু রায়হান ভূঞা ০২ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে উক্ত পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে, জনাব মোহাম্মদ নুরুল ইসলাম পৌরসভার ০৪ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে পৌরসভার ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো। (গ) অবশিষ্ট ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রার বিষয়ক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাব-রেজিস্ট্রার, মনোহরদী, নরসিংদী-কে নির্দেশ প্রদান করা হলো।



(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৪০.৭৫-

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১
১০ ডিসেম্বর ২০২৪

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ০৪। ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, সিলেট।
- ০৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। জেলা রেজিস্ট্রার, সিলেট (মনোহরদী পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৭। জনাব মোঃ আবু রায়হান ভূঞা, নিকাহ রেজিস্ট্রার, ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মনোহরদী পৌরসভার, নরসিংদী।
- ০৮। জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, নিকাহ রেজিস্ট্রার, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মনোহরদী পৌরসভার, নরসিংদী।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।


(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮